গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
প্রশাসন-২ অধিশাখা
শেরে বাংলা নগর, ঢাকা

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন সংক্রান্ত কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে গঠিত কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : আবদুল বাকী
যুগ্ম-সচিব (ডিই অনুবিভাগ প্রধান)
সভার তারিখ ও সময় : ১৯ নভেম্বর, ২০১৯ খ্রি; সকাল: ১১:০০ টা
সভার স্থান : প্রশাসন ও মধ্যপ্রাচ্য অনুবিভাগের সভাকক্ষ
উপস্থিত কর্মকর্তার তালিকা : সংযোজনী-ক

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন সংক্রান্ত কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে গঠিত কমিটির সভাপতি অতিরিক্ত সচিব (প্রশাসন ও মধ্যপ্রাচ্য) সরকারি কাজে বিদেশে থাকায় কমিটির সভা কমিটির সদস্য জনাব আব্দুল বাকী, যুগ্ম-সচিব ও অনুবিভাগ প্রধান ডেভেলপমেন্ট ইফেক্টিভনেস উইং এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক প্রেরিত পত্রের নির্দেশনা তুলে ধরে বলেন, বিভিন্ন মন্ত্রণালয় / বিভাগ হতে প্রাপ্ত প্রস্তাবসমূহ পর্যালোচনা ও পরীক্ষা করে জাতীয়ভাবে গুরত্বপূর্ণ বিবেচিত প্রস্তাবসমূহ নিয়ে একটি সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়, যা মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে। উক্ত সমন্বিত কর্মপরিকল্পনায় অর্থনৈতিক সম্পর্ক বিভাগ সংশ্লিষ্ট কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের জন্য সময়কাল ও স্থান নির্ধারণপূর্বক জাতীয় বাস্তবায়ন কমিটিকে অবহিত করার নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া, পত্রে জাতির পিতার জন্মশতবার্ষিকী উদ্‌যাপন কর্মসূচি বাস্তবায়নে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে মর্মে উল্লেখ করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনাক্রমে সভায় উপস্থিত সদস্যবৃন্দের সর্বসম্মতিক্রম নিম্নবর্ণিত কর্মপরিকল্পনা গৃহীত হয়;

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির কর্মপরিকল্পনার অংশ হিসেবে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচিঃ

| ক্র. নং | কর্মসূচি | তারিখ ও স্থান | বিস্তারিত কার্যক্রম | বাস্তবায়ন | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | জাতীয় শোক দিবস পালন | ১৫ আগস্ট ২০২০/ সুবিধাজনক সময় | অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিবের নেতৃত্বে ধানমন্ডির বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন।<br><br>বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর আলোচনা ও দোয়া অনুষ্ঠান। | সংশ্লিষ্ট কমিটি | |

| ক্র. নং | কর্মসূচি | তারিখ ও স্থান | বিস্তারিত কার্যক্রম | বাস্তবায়ন | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২. | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উন্নয়ন ভাবনা | মার্চ ২০২০/ সুবিধাজনক সময়, বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র | বাংলাদেশে নিয়োজিত বিভিন্ন দেশের রাষ্ট্রদূত/হাইকমিশনার, উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান প্রধান এবং উন্নয়ন সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তাগণের অংশগ্রহণে "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উন্নয়ন ভাবনা" শীর্ষক অনুষ্ঠান আয়োজন।<br><br>উক্ত অনুষ্ঠানে বঙ্গবন্ধুর উন্নয়ন ভাবনা শীর্ষক একটি ডকুমেন্টরী নির্মাণ ও অনুষ্ঠানে তা প্রদর্শন।<br><br>খ্যতনামা লেখক/অর্থনীতিবিদ হতে লেখা সংগ্রহপূর্বক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অর্থনৈতিক দর্শন ও উন্নয়ন ভাবনা শীর্ষক প্রকাশনা মুদ্রণ।<br><br>১৯৭২ সাল হতে এ পর্যন্ত অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক সম্পাদিত বিভিন্ন চুক্তিপত্রের অনুবিভাগভিত্তিক প্রদশনীর আয়োজন।<br><br>বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর চিত্র প্রদর্শনী।<br><br>বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধুর জীবনালেখ্য অবলম্বনে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন।<br><br>সেমিনার, ওয়ার্কসপ, আলোচনা সভাসহ উক্ত অনুষ্ঠান সুষ্ঠ ও সুন্দরভাবে আয়োজনের লক্ষ্যে বিভিন্ন উপ-কমিটি গঠন। | সংশ্লিষ্ট কমিটি | |
| ৩. | স্বল্পোন্নত দেশ হতে বাংলাদেশের উত্তরণের চূড়ান্ত ধাপ অতিক্রম উদ্‌যাপন | মার্চ ২০২১ / সুবিধাজনক সময় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র | আগামী ২০২১ সনের মার্চ মাসে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে স্বল্পোন্নত দেশ হতে বাংলাদেশের উত্তরণের চূড়ান্ত ধাপ অতিক্রম উদ্‌যাপন অনুষ্ঠান আয়োজন।<br><br>অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সংশ্লিষ্ট ডেভেলপমেন্ট ইফোকটিভনেস অনুবিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় পরিকল্পনা ও প্রস্তুতি গ্রহণ করবে।<br><br>উক্ত অনুষ্ঠান সুষ্ঠু ও সুন্দরভাবে আয়োজনের জন্য বিভিন্ন উপ-কমিটি গঠন। | সংশ্লিষ্ট কমিটি | |

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির কর্মপরিকল্পনার অংশ হিসেবে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ সংশ্লিষ্ট অন্যান্য কর্মসূচিঃ

| ক্র. নং | কর্মসূচি | তারিখ ও স্থান | বিস্তারিত কার্যক্রম | বাস্তবায়ন | অর্থায়ন |
|---|---|---|---|---|---|
| ১. | World Economic Forum এ বঙ্গবন্ধু শেখ মুজিবের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন ও বাংলাদেশকে Country of Focus হিসেবে উপস্থাপন | ২০২০-২০২১ দাভোস, সুইজারল্যান্ড | World Economic Forum কর্তৃপক্ষের সাথে যোগাযোগ ও আনুসঙ্গিক কাজ। | **মূল দায়িত্ব:** পররাষ্ট্র মন্ত্রণালয় প্যারিস্থ বাংলাদেশ দূতাবাসঃ **সহযোগী / সহযোগীতায়:** জাতীয় বাস্তবায়ন কমিটি অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | World Economic Forum |
| ২. | World Economic Forum কর্তৃক বাংলাদেশে বঙ্গবন্ধু শেখ মুজিবের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন | ২০২০-২০২১ সুবিধাজনক স্থানে | অনুষ্ঠান আয়োজন ও ব্যবস্থাপনা | **মূল দায়িত্ব:** পররাষ্ট্র মন্ত্রণালয় **সহযোগী / সহযোগীতায়:** অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | পররাষ্ট্র মন্ত্রণালয় World Economic Forum |
| ৩. | বঙ্গবন্ধুর উন্নয়ন দর্শন বিষয়ক আন্তর্জাতিক সেমিনার | ২০২১ সালের জানুয়ারি মাস | বঙ্গবন্ধুর উন্নয়ন দর্শন ও Leave no one behind বিষয়ে আন্তর্জাতিক সেমিনার আয়োজন | **মূল দায়িত্ব:** প্রধানমন্ত্রীর কার্যালয় **সহযোগী / সহযোগীতায়:** অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, পরিকল্পনা কমিশন সেমিনার, ওয়ার্কসপ ও আলোচনা সভা আয়োজন উপ-কমিটি | প্রধানমন্ত্রীর কার্যালয় |
| ৪. | Graduation from a least Developed Country to a Developing Country Status-Implications for Bangladesh | সেপ্টেম্বর ২০২০ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র | সম্ভাব্য আলোচকের তালিকা প্রস্তুত আলোচকদের সঙ্গে যোগাযোগ, আমন্ত্রণ জানানো ও আনুষঙ্গিক কার্যাবলী ব্যাকগ্রাউন্ড পেপার প্রস্তুত | **মূল দায়িত্ব:** প্রধানমন্ত্রীর কার্যালয় **সহযোগী / সহযোগীতায়:** পররাষ্ট্র মন্ত্রণালয় সেমিনার, ওয়ার্কসপ ও আলোচনা সভা আয়োজন উপ-কমিটি BIDS | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ পরিকল্পনা কমিশন |

**জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী (মুজিব বর্ষ ২০২০) উদ্‌যাপনের অংশ হিসেবে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক গৃহীত নিজস্ব কর্মসূচিঃ**

| ক্র. নং | কর্মসূচি | তারিখ ও স্থান | বিস্তারিত কার্যক্রম | বাস্তবায়ন | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধে শ্রদ্ধা নিবেদন। | মার্চ ২০২০/ সুবিধাজনক সময় | অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিবের নেতৃত্বে গোপালগঞ্জের টুঙ্গীপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধে শ্রদ্ধা নিবেদন। | সংশ্লিষ্ট কমিটি | |
| ২. | মুজিব কর্ণার স্থাপন | মার্চ ২০২০/ সুবিধাজনক সময় | অর্থনৈতিক সম্পর্ক বিভাগের আরডক এ মুজিব কর্ণার স্থাপন। | সংশ্লিষ্ট কমিটি | |
| ৩. | মানব সম্পদ পুল গঠন | নির্ধারিত সময় | বঙ্গবন্ধুর স্বপ্নের উন্নত বাংলাদেশ গড়ার লক্ষ্যে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে দক্ষ মানবসম্পদ পুল গঠন। | সংশ্লিষ্ট কমিটি/ অনুবিভাগ | |
| ৪. | স্যুভেনির প্রস্তুত | মার্চ ২০২০/ সুবিধাজনক সময় | বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের অংশ হিসেবে নোট বুক, কলম, কোট পিন ও ডেস্ক ক্যালেন্ডার প্রস্তুত। | সংশ্লিষ্ট কমিটি | |
| ৫. | প্রবন্ধ ও চিত্রাংকন প্রতিযোগিতা। | মার্চ ২০২০/ সুবিধাজনক সময়<br>অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগের কর্মকর্তা/কর্মচারীগণের সন্তানদের অংশগ্রহণে বঙ্গবন্ধু জীবন, কর্ম ও দর্শনের উপর প্রবন্ধ ও চিত্রাংকন প্রতিযোগিতা। | সংশ্লিষ্ট কমিটি | |
| ৬. | অফিস ভবন, আঙ্গিনা পরিচ্ছন্নকরন ও সৌন্দর্যবর্ধন | বছরব্যাপী | "পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর" কার্যক্রমের সফল বাস্তবায়নের অংশ হিসেবে নিয়মিত অফিস ভবন, আঙ্গিনা পরিচ্ছন্নকরন ও সৌন্দর্যবর্ধন। | সকল অনুবিভাগ/ গণপূর্ত বিভাগ | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবদুল বাকী
যুগ্ম সচিব
ও
অনুবিভাগ প্রধান (ডেভেলপমেন্ট ইফেক্টটিভনেস উইং)
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

স্মারকনং-০৯.০০.০০০০.০৭৫.১৯.০০২.১৯- ২৮৬                                   তারিখ: ১১ নভেম্বর ২০১৯ খ্রি:

**সদয়অবগতিওপ্রয়োজনীয়কার্যার্থে (জ্যেষ্ঠতারক্রমানুসারেনয়):**

১. অনুবিভাগ প্রধান (সকল), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

২. জনাব মো: শাহরিয়ার কাদের ছিদ্দিকী, যুগ্ম-সচিব (অনুবিভাগ প্রধান, এশিয়া, জেইসিওএফএন্ডএফ), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

৩. জনাব অমল কৃষ্ণ মন্ডল, যুগ্ম-সচিব (জাতিসংঘ-১ অধিশাখা), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

৪. জনাব বশীর আহমেদ, যুগ্ম-সচিব (জাপান-১ অধিশাখা), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

৫. জনাব মো: হাফিজুর রহমান, উপসচিব (সমন্বয়-৪ অধিশাখা), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

৬. জনাব মু: জসীম উদ্দিন খান, উপসচিব (ইউরোপ-৫ অধিশাখা), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

৭. জনাব পরিমল সরকার, উপসচিব (এডিবি-৪ অধিশাখা), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

৮. জনাব মোহাম্মদ কামরুল হাসান মোল্যা, উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

৯. ড. দেলোয়ার হোসেন, উপপ্রধান (বিশ্বব্যাংক- ৪ অধিশাখা), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

১০. জনাব মো: আবদুস ছোবহান, সিনিয়র সিস্টেমস এনালিস্ট (আইসিটি সেল), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

১১. সচিবের একান্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

১২. অতিরিক্ত সচিব এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

১৩. অফিস কপি

১১/১১/১৯

(জাহিদ হোসেন মুন্শী)
যুগ্ম-সচিব (প্রশাসন)
ও
সদস্য-সচিব জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন কমিটি
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ